

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
Website: [www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী  
নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণীঃ


সভাপতি : মুত্তাকীম বিল্লাহ ফারুকী  
মহাপরিচালক (গ্রেড-১), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
সভার তারিখ ও সময় : ২১ এপ্রিল, ২০২৪; সকাল ১০.৩০ ঘটিকা  
সভার স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ  
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট-“ক” দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে একটি করে নৈতিকতা কমিটির সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি অধিদপ্তরে কর্মরত আউটসোর্সড জনবলের সুষ্ঠু ব্যবস্থাপনা, ফায়ার এলার্ম/অগ্নি নির্বাপনের সচেতনতা, বিদ্যুৎ ও পানি ব্যবহারে মিতব্যয়ী হওয়ার বিষয়সমূহ নিয়ে আলোচনা করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
৩.১	পানি ব্যবহারে মিতব্যয়ীতা অবলম্বন।	পানি ব্যবহারে মিতব্যয়ী হতে হবে। এ বিষয়ে অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত সকল পরিচ্ছন্নকর্মীকে বাথরুম/টয়লেটের হ্যান্ডসাওয়ারের পানির স্পিড কমিয়ে রাখা নিশ্চিত করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)
৩.২	আউটসোর্সড জনবলের সুষ্ঠু ব্যবস্থাপনা।	১) অধিদপ্তরের প্রধান কার্যালয়ে আউটসোর্সিং-এ নিয়োজিত কর্মীদের তাদের স্ব স্ব দায়িত্ব-কর্তব্য পালনে সচেতন হতে হবে অর্থাৎ প্রত্যেককে তাদের জন্য নির্দিষ্ট কাজে নিয়োজিত রাখতে হবে। সহকারী পরিচালক (কমন সার্ভিস) বিষয়টি মনিটরিং করবেন এবং আগামী ৩০ মে, ২০২৪ তারিখের মধ্যে একটি প্রত্যয়ন দাখিল করবেন।	পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)
		২) অধিদপ্তরের প্রধান কার্যালয়ে আউটসোর্সিং-এ নিয়োজিত কর্মীদের সহজে সনাক্তকরণের জন্য অফিস চলাকালীন পরিধানের জন্য একই ধরণের টি-শার্ট প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা)/ উপপরিচালক (নিরোধ শিক্ষা)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)
৩.৩	ফায়ার এলার্ম/অগ্নি নির্বাপনের সচেতনতার বিষয়ে প্রশিক্ষণ প্রদান।	অধিদপ্তরের প্রধান কার্যালয়ের ২০ জন কর্মকর্তা-কর্মচারীকে ফায়ার এলার্ম/অগ্নি নির্বাপনের সচেতনতার বিষয়ে প্রাথমিক ব্যবহারিক প্রশিক্ষণ আগামী ৩০ মে, ২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মুত্তাকীম বিল্লাহ ফারুকী)  
মহাপরিচালক (গ্রেড-১)।


নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৭.২১- ১৬৩৩

১১ বৈশাখ, ১৪৩১  
তারিখ: -----  
২৪ এপ্রিল, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ)।

- ২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
- ৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। উপপরিচালক (নিরোধ শিক্ষা/প্রশাসন/অপারেশনস্/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, .....
- ৭। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। সহকারী পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন/জনসংযোগ/স্টাফ অফিসার/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/কমন সার্ভিস/অর্থ ও হিসাব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, .....
- ৯। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। অফিস কপি।



(দীপজয় হোসা)

সহকারী পরিচালক (প্রশাসন)